

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

দেশ বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে। ই-লার্নিং প্রক্রিয়ায় মুক্তপাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের অধিকহারে সম্পৃক্ত করা হবে। আত্মকর্মীদের মধ্য থেকে উদ্যোক্তা সৃষ্টি করা হবে।

সাম্প্রতিক বছরসমূহের (শুরু থেকে অদ্যাবদি) প্রধান অর্জনসমূহঃ

- দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে (রাজস্ব ও জোরদার প্রকল্প) মোট ৯৮১৫জন যুবক ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষিত যুবদের মধ্যে (রাজস্ব ও জোরদার প্রকল্প) ১১১৯জনকে ৫,১৮,৮৩,০০০/- টাকা ঋণ বিতরণের মাধ্যমে স্বাবলম্বী করা।
- আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প স্থাপন ও সম্প্রসারণপূর্বক (রাজস্ব ও জোরদার প্রকল্প) ৬৭৪২ জন।
- নিবন্ধনকৃত যুব সংগঠন = ০২টি ।

সাম্প্রতিক কর্মকাণ্ডঃ

১৮ থেকে ৩৫ বছর বয়সী যুব ও যুবনারীদের জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ শেষে প্রকল্প ভিত্তিক ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করা। বেসরকারী যুব স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন করা। শেখ হাসিনা ইয়থ ভলান্টিয়ার ও যুব কল্যান তহবিল হতে অনুদান প্রাপ্তির আবেদন প্রেরণ করা ইত্যাদি।

ইউনিয়নের অফিস পরিদর্শনঃ

প্রশিক্ষণ শেষে প্রকল্প ভিত্তিক যুব ঋণের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ঋণ প্রাপ্তির জন্য আবেদনকারীর প্রকল্প সরেজমিনে পরিদর্শন করেন এবং একই সাথে বিভিন্ন ইউনিয়নের অফিস পরিদর্শন করেন সেই সাথে আবেদনকারী ও তার প্রকল্পের বিষয়ে খোজ খবর সংগ্রহ করেন।

প্রকল্প পরিদর্শনঃ

প্রশিক্ষণ শেষে প্রকল্প ভিত্তিক যুব ঋণের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ঋণ প্রাপ্তির জন্য আবেদনকারীর প্রকল্প সরেজমিনে পরিদর্শন করেন এবং একই সাথে বিভিন্ন ইউনিয়নের অফিস পরিদর্শন করেন সেই সাথে আবেদনকারী ও তার প্রকল্পের বিষয়ে খোজ খবর সংগ্রহ করেন।

বিবিধ

মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ প্রদান। যুব পুরস্কার, বৃক্ষ রোপন কর্মসূচী, কর্মশালা/সেমিনার,জাতীয় যুব দিবস সহ বিভিন্ন দিবস পালন। এইডস এর ভয়াবহতা, ইভটিজিং,বাল্য বিবাহ,যৌতুক প্রথারোধে জনগণকে উদ্ধুদ্ধ করণ ইত্যাদি। এছাড়াও সরকার কর্তৃক ঘোষিত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন।